গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

**২০১৯-২০ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা আওতায় অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী:**

সভাপতিঃ জনাব ড. মোছাম্মৎ নাজমানারা খানুম
মহাপরিচালক,খাদ্য অধিদপ্তর।

সভার স্থানঃ খাদ্য অধিদপ্তরের সভাকক্ষ

সভার তারিখঃ ১৯/০৯/২০১৯ খ্রিঃ

সভার সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা

(সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য)

জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনার ও পরিবীক্ষণ কাঠামো, ২০১৯-২০২০ বাস্তবায়নকল্পে খ্যাদ্য অধিদপ্তরের কার্যক্রম সংশিষ্ট অংশীজনের ১ম ত্রৈমাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি, সভা পরিচালনার জন্য অতিরিক্ত পরিচালক (প্রশাসন) কে আহবান জানান। সভায় আলোচ্যসূচি অনুসারে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্তসমূহ | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১। | অধিদপ্তরের নিকট অংশীজনের আকাঙ্ক্ষা | (১) অধিদপ্তর ও অধিদপ্তরের অধীনস্থ স্থাপনাসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারিদের যোগদানপত্র, খাদ্য মন্ত্রণালয় হতে প্রাপ্ত নির্দেশনা, আদেশ, পেনশন এবং সকল প্রকার ছুটি ও কর্মকর্তা/কর্মচারিদের ব্যক্তিগত কার্যাদি দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়। | (১) অধিদপ্তর ও অধিদপ্তরের অধীনস্থ স্থাপনাসমূহে দ্রুততার সাথে কর্মকর্তা/কর্মচারিদের চাকুরি সংক্রান্ত সেবা দ্রুততম সময়ে প্রদানে তৎপর হবেন। | ১)পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর; ২) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল; ৩) অতিরিক্ত পরিচালক ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল); ৫) সাইলো অধিক্ষক (সকল)। |
| ২। | অধিদপ্তরের দক্ষতা/সেবার মান বৃদ্ধিকল্পে আলোচনা | (১)দাপ্তরিক কর্ম-নির্বাহ সংশ্লিষ্ট আইন, বিধিমালা, নীতিমালা, প্রজ্ঞাপনসমূহের উপর সকলের সম্যক ধারণা অর্জনের নিমিত্ত অভ্যন্তরীন প্রশিক্ষণের মডিউল উন্নয়ন ও প্রশিক্ষণ প্রদানে উপর্যুক্ত বিষয়াদি অন্তর্ভূক্তকরণ এবং<br>(২) কাজের মান বৃদ্ধি ও নতুন কাজ সম্পর্কিত অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে স্থাপনায় কর্মরত কর্মকর্তাদের বৈদেশিক প্রশিক্ষণ বিষয়ে সভায় উপস্থিত কর্মকর্তাগণ মত প্রদান করেন। | (১) অধিদপ্তর ও অধিদপ্তরের অধীনস্থ স্থাপনাসমূহে আয়োজিত প্রশিক্ষণে মন্ত্রণালয়ের নির্দেশমালা, দাপ্তরিক কর্ম-নির্বাহ আইন, বিধিমালা, নীতিমালা, প্রজ্ঞাপনসমূহের আলোকে মডিউল উন্নয়নপূর্বক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রশিক্ষণ কার্যকর করার জন্য প্রশিক্ষণোত্তর মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) বিভিন্ন স্থাপনায় কর্মরত কর্মকর্তাদের বৈদেশিক প্রশিক্ষণের বিষয়ে ব্যবস্থা নিতে হবে। | ১)পরিচালক, প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর। |

(মোহাম্মদ ফারুক হোসেন)
অতিরিক্ত পরিচালক (প্রশাসন)

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | মাঠ পর্যায়ে দ্রুত ও তাৎক্ষণিক নির্ভুল সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা | অধিদপ্তর হতে নির্দেশমালা ও চিঠিপত্র দ্রুত অধিদপ্তরের অধীনস্থ স্থাপনাসমূহে পৌছানো বিষয়ে সভায় আলোচনা হয়। তাছাড়া দূর্যোগকালীন গৃহীত পদক্ষেপ তাৎক্ষণিক মাঠ পর্যায়ে পৌছানোর বিষয়ে আলোচনা হয়। | (১) অধিদপ্তর হতে নির্দেশমালা ও চিঠিপত্র দ্রুত অধিদপ্তরের অধীনস্থ স্থাপনাসমূহে নির্ধারিত সময়ের মধ্যে পৌছানোর নিশ্চিত করতে হবে।<br>(২) মাঠ পর্যায় হতে নির্ভুল ভাবে অধিদপ্তরের চাহিত তথ্য দ্রুত পৌছাতে হবে। | ১) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর;<br>২) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল;<br>৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল);<br>৪) সাইলো অধিক্ষক (সকল);<br>৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)। |
| ৪। | সিটিজেন চার্টার বা নাগরিক সনদ বিষয়ে আলোচনা | অধিদপ্তর ও অধিদপ্তরের অধীনস্থ স্থাপনাসমূহে জনগণের প্রতি প্রশাসনিক কর্মকর্তাদের সেবা, দায়িত্ব ও কর্তব্যের লিখিত রূপরেখা সুস্পষ্ট অনুসরণ করে জনসেবার মান উন্নত করণ এবং প্রশাসনিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে বিশেষভাবে আলোচিত হয়। | অধিদপ্তর ও অধিদপ্তরের অধীনস্থ স্থাপনাসমূহে জনসেবার মান অধিকতর উন্নয়নে ব্যবস্থা গ্রহণ এবং কর্মকর্তা/কর্মচারিদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সবসময় সচেতন থাকতে হবে। | ১)পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর;<br>২) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল;<br>৩) অতিরিক্ত পরিচালক;<br>৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)। |
| ৫। | স্থানীয় কৃষি সম্প্রসারণ অফিস হতে প্রকৃত কৃষকের তালিকা প্রাপ্তি বিষয়ে আলোচনা | সংগ্রহ কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে স্থানীয় কৃষি সম্প্রসারণ অফিস থেকে প্রস্তুতকৃত প্রকৃত কৃষকের তালিকা খাদ্য অধিদপ্তরের স্থানীয় জেলা, উপজেলা ও সংগ্রহ কেন্দ্রসমূহে দ্রুত প্রাপ্তি বিষয়ে আলোচনা হয়। | স্থানীয় কৃষি সম্প্রসারণ অফিস থেকে প্রস্তুতকৃত কৃষকের তালিকা স্থানীয় সংগ্রহ কেন্দ্র ও অন্যান্য স্থাপনায় দ্রুত পাওয়ার লক্ষ্যে জেলা প্রশাসন ও কৃষি বিভাগের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে। | ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল);<br>২) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)। |
| ৬। | উত্তম চর্চা বিষয়ক মতামত আহ্বান | অধিদপ্তর ও অধিদপ্তরের অধীনস্থ স্থাপনাসমূহে সেবার মান উন্নয়ন ও সহজীকরণের নিমিত্তে দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম (ই-মেইল/এসএমএস) সহ যে সকল উত্তম চর্চা বাস্তবায়নাধীন আছে এবং বাস্তবায়নের জন্য নির্ধারিত সকল উত্তম চর্চা নিশ্চিতকরণের বিষয়ে গুরুত্ব সহকারে আলোচনা করা হয়। | চলমান উত্তম চর্চাগুলো গুরুত সহকারে বাস্তবায়ন এবং সম্প্রসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১)পরিচালক(সকল), খাদ্য অধিদপ্তর;<br>২) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল;<br>৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)। |

৩। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।

১০/১০/১৯

(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)
মহাপরিচালক
ফোন- ৯৫৮৪৮৩৪
dg@dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩১.১৬.০০১.১৮(অংশ-১)। ১৬৩০(৩০)

তারিখঃ ১৩/১০/২০১৯ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৩। অতিঃ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৪। প্রকল্প পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৫। পরিচালক, প্রশাসন/সববি/চসসা/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৬। বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৭। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।

০৮। অতিঃ পরিচালক, প্রশাসন, অভ্যন্তরীণ নিরীক্ষা/এমআইএস এন্ড এম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৯। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।

১০। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।

১১। সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১২। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১৩। অফিস কপি।

১৪। মাস্টার কপি।

১৩/১০/১৯

(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপ-পরিচালক (সংস্থাপন)
ফোন- ৯৫৬১২০৯
dd.est@dgfood.gov.bd